

উত্তর :

তারিখ : ২৮/০৫/২০২০

বাড়ির কাজ

বিদ্যাশিক্ষা

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

১। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নাও :

ক) 'বিদ্যাশিক্ষা' গল্পটির লেখকের নাম হল - রবীন্দ্রনাথ ঠাকুর / ঈশ্বরচন্দ্র  
বিদ্যাসাগর / মানিক বন্দ্যোপাধ্যায়।

উত্তর : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

খ) 'বিদ্যাশিক্ষা' গল্পটির উৎস হল - বিদ্যাসাগরচরিত / শেষলেখা /  
প্রভাবতী সম্ভাষণ।

উত্তর : বিদ্যাসাগরচরিত।

গ) মাইলস্টোনের উপাখ্যান বলেছিলেন - মাতৃদেব / ভ্রাতৃদেব / পিতৃদেব।

উত্তর : পিতৃদেব।

ঘ) মাইলস্টোন কথাটি একটি ইংরেজি / বাংলা / তেলেগু শব্দ।

উত্তর : ইংরেজি।

ঙ) স্বরূপচন্দ্র দাস ছিলেন বিদ্যাসাগরের একজন ছাত্র / সহপাঠী / শিক্ষক।

উত্তর : শিক্ষক।

চ) বিদ্যাসাগর বাটনা বাটা শিলের মতো একখানি প্রস্তর দেখেছিলেন -

শিয়াখালায় শালিখার বাধা রাস্তায় / নবদ্বীপে / মেদিনীপুরে।

উত্তর : শিয়াখালায় শালিখার বাধা রাস্তায়।

ছ) বিদ্যাসাগর একের পিঠে নয় এটি শিখেছিলেন - ধারাপাতে /

আদর্শলিপিতে / নামতা।

উত্তর : নামতা।

জ) বিদ্যাসাগর মনবেড় চর্চীতে মাইলস্টোন দেখেছিলেন - দশম / নবম /

সপ্তম।

উত্তর : দশম।

ঝ) পিতৃদেব বিদ্যাসাগরকে কৌশল করে যে মাইলস্টোনটি দেখতে দেননি সেটি হল - পঞ্চম / ষষ্ঠ / সপ্তম।

উত্তর : ষষ্ঠ।

ঞ) “বেশ বাবা বেশ” এই কথা বলে বিদ্যাসাগরকে আশীর্বাদ করেছিলেন কালীকান্ত চট্টোপাধ্যায় / স্বরূপচন্দ্র দাস / পিতৃদেব।

উত্তর : কালীকান্ত চট্টোপাধ্যায়।

ট) “যদি বেঁচে থাকে, মানুষ হতে পারবো”---- কথাটি বলা হয়েছে বিদ্যাসাগর / রবীন্দ্রনাথ / পিতৃদেব সম্পর্কে।

উত্তর : বিদ্যাসাগর সম্পর্কে।

ঠ) “তবে একে রীতিমত ইংরেজি পড়ানো উচিত।”---- কথাটি বলেছিলেন কালীকান্ত চট্টোপাধ্যায় / স্বরূপচন্দ্র দাস / পিতৃদেবের পরামর্শদাতা আত্মীয়েরা।

উত্তর : পিতৃদেবের পরামর্শদাতা আত্মীয়েরা।

ড) কর্ণওয়ালিশ স্ট্রীটে, সিদ্ধেশ্বরীতলার পূর্বদিকে ইংরেজি স্কুলটি ছিল - উড সাহেবের / বিদ্যারত্নের / হের সাহেবের।

উত্তর : হের সাহেবের।

ঢ) রাধামোহন বিদ্যাভূষণের পিতৃব্য পুত্রের নাম - মধুসূদন বাচম্পতি / কালীকান্ত চট্টোপাধ্যায় / স্বরূপচন্দ্র দাস।

উত্তর : মধুসূদন বাচম্পতি।

ণ) বিদ্যাসাগরেরা পুরুষানুক্রমে ছিলেন --- পণ্ডিত / সংস্কৃত ব্যবসায়ী / পুরোহিত।

উত্তর : সংস্কৃত ব্যবসায়ী।